একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
www.mymensinghsadar.mymensingh.gov.bd

স্মারকনং- ০৫.৪৫.৬১৫২.০০৩.০৭.০০৪.২৪-২১২

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩১
১৭ ফেব্রুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ (সংশোধিত ০৩ জুলাই ২০১৭ খ্রি.) এর বিধান মোতাবেক এবং ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মাসিক সভার ২০ নং অনুচ্ছেদ মোতাবেক অনুমোদনক্রমে ময়মনসিংহ সদর উপজেলার নিম্নবর্ণিত ১১টি ইউনিয়ন পরিষদের শুন্যপদে সম্পুর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগ করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা ও বয়স | শারীরিক যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | কুষ্টিয়া- ০১ (১ নং ওয়ার্ড)<br>বোররচর- ০১ (১ নং ওয়ার্ড)<br>চর ঈশ্বরদিয়া- ০১ ( ১ নং ওয়ার্ড)<br>চর নিলক্ষিয়া- ০২ (৩,৯ নং ওয়ার্ড)<br>খাগডহর- ০৩ (২,৩, ৯, নংওয়ার্ড)<br>দাপুনিয়া- ০২ (৭,৯ নং ওয়ার্ড)<br>ভাবখালী-০১ (১ নং ওয়ার্ড) | সরকার নির্ধারিত | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br><br>প্রার্থীর বয়স ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩২ বছর এর মধ্যে হতে হবে। | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে (কমপক্ষে)**<br>সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ইঞ্চি<br>বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ),<br>সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রে (কমপক্ষে)**<br>সর্বনিম্ন উচ্চতা ৫ফুট<br>বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ),<br>সর্বনিম্ন ওজন ৪৫ কেজি |

## শর্তাবলী

০১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি বরাবর আবেদন করতে হবে।

০২। আবেদনপত্র আগামী ১৬ মার্চ ২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রয়োজনীয় কাগজপত্র সহ ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে।

০৩। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্তঃ খ) প্রার্থীর নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ওয়ার্ড নং, ইউনিয়ন, উপজেলা, জেলা) (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে)এবং (ঠ) জাতীয় পরিচয় পত্র নম্বর ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত ছবি।

০৫। অন লাইনের জন্মনিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছবি।

০৬। সংশিষ্ট ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র।

০৭। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৮। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।

১১। মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বিধিমালার যোগ্যতার উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১২ মহল্লাদারদের মধ্য হতে তাহাদের কর্মতৎপরতা, সততা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে।

১৩ সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সংগে আনতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪ আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ বরাবর ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।

১৫ অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে বাতিল বা পরিবর্তন করতে পারিবেন।

১৭.০২.২৫

( মোঃ আরিফুল ইসলাম প্রিন্স )
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
মোবাইল: ০১৭৩৩-৩৭৩৩২৬
E-mail: unomymensingh@mopa.gov.bd

স্মারকনং- ০৫.৪৫.৬১৫২.০০৩.০৭.০০৪.২৪-২১২

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩১ / ১৭ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪. পুলিশ সুপার, ময়মনসিংহ
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
০৭. অফিসার ইনচার্জ, কোতোয়ালি মডেল থানা, ময়মনসিংহ।
০৮. উপজেলা....................................................... কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯. উপজেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. প্রশাসক/চেয়ারম্যান,............................................ ইউনিয়ন, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা,....................................................... ইউনিয়ন, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের ওয়েবসাইটে এবং হাট-বাজারে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
১২. নোটিশ বোর্ড,.......................................... কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
১৩. অফিস কপি।

১৭.০২.২৫

উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
ও
সভাপতি